

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা।
(www.dgt.gov.bd)

নং-০৫.০৩.০০০০.০০৪.১৮.০০১.২১-

তারিখ : ২৮/১২/২০২১ খ্রি:

অফিস আদেশ

সরকারি যানবাহন অধিদপ্তরের সাবেক গাড়িচালক জনাব মো: আশিক রহমানকে মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রীর অনুকূলে বরাদ্দকৃত টয়োটা ক্যামরী গাড়ি (নং-ঢাকা মেট্রো-ভ-১১-১৮০৯) অবৈধ ও এখতিয়ার বহির্ভূতভাবে ৪৩(তেতাল্লিশ) বার ব্যক্তিগত কাজে ব্যবহার এবং দুর্ঘটনার মাধ্যমে তা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করার দায়ে 'নাশকতা' ও 'অসদাচরণ' এর অভিযোগে আনীত বিভাগীয় মামলা নং-০৩/২০২১ এর আদেশ বিগত ১৮/০৭/২০২১ খ্রি. তারিখে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হয়। পরবর্তীতে তিনি সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর আপিল দায়ের করলেও তা না-মঞ্জুর হয়।

০২। ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, তিনি প্রায়ই পরিবহন পূলে আসা-যাওয়া করছেন। তিনি একজন বিপজ্জনক ও অপরাধী মানসিকতার ব্যক্তি। পরিবহন পূলের গ্যারেজে কোটি কোটি টাকা মূল্যের সরকারি গাড়ি রক্ষিত থাকে।

০৩। চাকরি হতে চূড়ান্ত বরখাস্ত এবং আপিল আবেদনও না-মঞ্জুর হওয়ায় এই অধিদপ্তরের কোন শাখায় তার কোন কাজ বা প্রয়োজন থাকতে পারেনা।

০৪। এমতাবস্থায়, মূল্যবান সরকারি সম্পদের নিরাপত্তার স্বার্থে সরকারি যানবাহন অধিদপ্তরে মো: আশিক রহমানকে অবাঞ্ছিত ঘোষণা করা হল। তিনি সরকারি যানবাহন অধিদপ্তরে বা সরকারি যানবাহন মেরামত কারখানায় কখনো প্রবেশ করতে পারবেন না। যদি তিনি এই নিষেধাজ্ঞা অমান্য করে এই অধিদপ্তরের আওতাধীন কোন স্থাপনায় অবৈধ অনুপ্রবেশের চেষ্টা করেন তবে তাকে তাৎক্ষণিকভাবে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিকট সোপর্দ করা হবে। এছাড়া অবৈধ অনুপ্রবেশে তাকে সহায়তাকারী ব্যক্তির বিরুদ্ধেও কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)

পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)

ফোনঃ-৯৫৬৩৪২১

e-mail:- poripool@gmail.com

নং-০৫.০৩.০০০০.০০৪.১৮.০০১.২১- ১১৭২

তারিখ : ২৮/১২/২০২১ খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক (সড়ক/নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। উপসচিব (সংযুক্ত) (সকল), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৩। ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে স্থায়ীভাবে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ৪। পরিচালক (সড়ক), ইনসিটু উপ-পরিচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (সড়ক/নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৮। পরিবহন অফিসার (চ: দা:), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৯। প্লাটুন কমান্ডার (পিসি), আনসার প্লাটুন, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ১০। গার্ড হাবিলদার (সকল), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ১১। নোটিশ বোর্ড, (সকল), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।


২৮.১২.২০২১

(মোঃ মিজানুর রহমান)

পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)